

3 (Sem-4/CBCS) BEN HC 2

2024

BENGALI
(Honours Core)



Paper : BEN-HC-4026

(আধুনিক বাংলা সাহিত্য : সূচনা পর্ব)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো : $1 \times 10 = 10$

(ক) ‘মেঘনাদবধ কাব্য’ গ্রন্থের চতুর্থ সর্গে কে সীতার ললাটে
সিন্দুর-বিন্দু ঐকে দিয়েছিল ?

(খ) রাবণ সীতাকে স্বর্ণলঙ্কার কোথায় বন্দী করে
রেখেছিলেন ?

(গ) “হায় লো, কুলগ্নে, সখি, মগ্ন লোভ-মদে, মাগিনু কুরঙ্গ
আমি।”

এখানে ‘কুরঙ্গ’ শব্দের অর্থ কী ?

(ঘ) ‘মনুষ্যফল’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র নারীজাতিকে কোন ফলের
সঙ্গে তুলনা করেছেন ?

- (ঙ) “ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কি ক্ষতি?” “বিড়াল” প্রবন্ধের এই উক্তিটি কার ?
- (চ) ‘হতোম প্যাঁচার নকশা’ গ্রন্থের ‘কলিকাতার চড়ক পার্বণ’ রচনায় লেখক শহরের ইংরেজি কেতার বাবুদের কটি দল রয়েছে বলে মনে করেছেন ?
- (ছ) ‘হতোম প্যাঁচার নকশা’ গ্রন্থের ‘দুর্গোৎসব’ রচনায় লেখক কোন্ তিথির সন্ধ্যায় শহরে প্রতিমার অধিবাস হয়েছিল বলে উল্লেখ করেছেন ?
- (জ) শূন্যস্থান পূরণ করো :
‘বাম করতলে _____ কমল’,
- (ঝ) ‘শ্রাবণে’ কবিতার কবি কে ?
- (ঞ) ‘ঊনবিংশ শতকের গীতিকবিতা সংকলন’ গ্রন্থে সম্পাদকদ্বয় মানকুমারী বসুর ‘মৃত্যু-সুহৃৎ’ কবিতাটিকে কোন্ শ্রেণীর কবিতার অন্তর্ভুক্ত করেছেন ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো : $২ \times ৫ = ১০$

- (ক) “এতেক কহিয়া পুনঃ বসিলা যুবতী পদতলে। ...”
এখানে ‘যুবতী’ বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কার পদতলে বসেছেন ?
- (খ) ‘মেঘনাদবদ কাব্য’ গ্রন্থের কে, কার সঙ্গে নবলতিকার বিবাহ দিতেন ?
- (গ) ‘বিড়াল’ প্রবন্ধে কমলাকান্ত কীসের ওপর বসে কী হাতে নিয়ে বিমুগ্ধিলেন ?

- (ঘ) ‘হতোম প্যাঁচার নকশা’ গ্রন্থের ‘দুর্গোৎসব’ রচনায় দুর্গোৎসবের দিন সন্মিকট হলে কৃষ্ণনগরের কারিকরেরা কলকাতার কোন্ দুই জায়গায় এসে বসেছিলেন বলে লেখক উল্লেখ করেছেন ?
- (ঙ) ‘জীবন-সঙ্গীত’ কবিতার কবি কে? এই কবিতায় কবি আয়ুকে কীসের সঙ্গে তুলনা করেছেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : $৫ \times ৪ = ২০$

- (ক) ‘মেঘনাদবদ কাব্য’ গ্রন্থের চতুর্থ সর্গে বর্ণিত ইন্দ্রজিতের যুদ্ধযাত্রার সংবাদ শ্রবণে নগরবাসীদের আনন্দোৎসবের বিবরণ দাও।
- (খ) “... যোর বনে নির্দয় বাঘিনী
জন্ম দিয়া পালে তোরে, বুঝিনু দুঃমতি!”
উক্তিটি কে, কাকে, কোন্ প্রসঙ্গে করেছিলেন, বুঝিয়ে লেখো।
- (গ) ‘মনুষ্যফল’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বড়লোকদের কাঁটালের সঙ্গে কীভাবে তুলনা করেছেন তার যথাযথ বর্ণনা দাও।
- (ঘ) ‘হতোম প্যাঁচার নকশা’ গ্রন্থের ‘দুর্গোৎসব’ রচনায় লেখক কলাবউয়ের স্নানযাত্রার যে বিবরণ দিয়েছেন তার যথাযথ চিত্র অঙ্কন করো।
- (ঙ) কবি অক্ষয়কুমার বড়ালের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (চ) “পেয়ে সে ললনা মধুর-মুরতি,
দেহে যেন ফিরে আসিল প্রাণ ;
হেরিয়ে সখার হয় না তৃপতি,
নয়ন ভরিয়ে করেন পান।”
উপরে উল্লিখিত উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।



৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

- (ক) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের চতুর্থ সর্গে স্বপ্নযোগে সীতার ভবিষ্যৎ দর্শনের বিষয়টির যথা যথ বিবরণ দাও।
- (খ) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের চতুর্থ সর্গে অবলম্বনে সরমা চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করে।
- (গ) বঙ্কিমচন্দ্রের 'মনুস্মৃতি' প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় বর্ণনা করে।
- (ঘ) 'বিড়াল' প্রবন্ধ অনুসরণে বঙ্কিমচন্দ্রের সমাজচিন্তার পরিচয় দাও।
- (ঙ) 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থের 'বহলিকাতার চড়ক পার্বণ' রচনা অবলম্বনে সেকালের কলকাতার চড়ক উৎসবের বিবরণ দাও।
- (চ) 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থের 'দুর্গোৎসব' রচনায় সেকালের কলকাতার যে সমাজজীবনের চিত্র ফুটে উঠেছে, সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে।
- (ছ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের 'স্বাধীনতা-সংগীত' কবিতায় প্রস্তুতি দেশপ্রেমের পরিচয় তুলে ধরে।
- (জ) 'জীবন-সঙ্গীত' কবিতার মূল বিষয়বস্তু বুঝিয়ে লেখো।

